গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়
আইন ও বিচার বিভাগ
বিচার শাখা-৩।

নং- ১৪৭ - বিচার-৩/১ডি-০৭/২০১৫, তারিখঃ- ১৬/০২/১৭ খ্রিঃ

**প্রজ্ঞাপন**

যেহেতু, ঢাকা জজশীপের ২য় অর্থঋণ আদালতের সাবেক বিচারক (যুগ্ম-জেলা জজ), বর্তমানে সুনামগঞ্জের যুগ্ম-জেলা ও দায়রা জজ, বেগম শেখ রাজিয়া সুলতানা এর বিরুদ্ধে সরকারী কর্মচারী (শৃংখলা ও আপীল) বিধিমালা, ১৯৮৫ এর বিধি ৩(এ) ও বিধি ৩(বি) মোতাবেক যথাক্রমে-অদক্ষতা ও অসদাচরণের অভিযোগে বাংলাদেশ সুপ্রীম কোর্টের সাথে পরামর্শক্রমে ০৭/২০১৫ নং বিভাগীয় মামলা রুজু করা হয়েছিল; এবং

যেহেতু, বেগম শেখ রাজিয়া সুলতানা-কে কারণ দর্শানোর প্রেক্ষিতে তাঁর লিখিত জবাব, ব্যক্তিগত শুনানীকালে তাঁর প্রদত্ত বক্তব্য, তদন্তকারী কর্মকর্তার তদন্ত প্রতিবেদন ও সংশ্লিষ্ট কাগজ পত্র পর্যালোচনায় তাঁর বিরুদ্ধে সরকারী কর্মচারী (শৃংখলা ও আপীল) বিধিমালা ১৯৮৫ এর বিধি ৩(এ) ও বিধি ৩(বি) মোতাবেক যথাক্রমে-অদক্ষতা ও অসদাচরণ এর অভিযোগ প্রমানিত হয়নি;

সেহেতু, বাংলাদেশ সুপ্রীম কোর্টের সাথে পরামর্শক্রমে ঢাকা জজশীপের ২য় অর্থঋণ আদালতের সাবেক বিচারক (যুগ্ম-জেলা জজ), বর্তমানে সুনামগঞ্জের যুগ্ম-জেলা ও দায়রা জজ, বেগম শেখ রাজিয়া সুলতানা-কে তাঁর বিরুদ্ধে রুজুকৃত ০৭/২০১৫ নং বিভাগীয় মামলায় আনীত অভিযোগের দায়ে অব্যাহতি প্রদান করা হলো।

২। এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

স্বাঃ

(আবু সালেহ শেখ মোঃ জহিরুল হক)
সচিব।

নং- ১৪৭ -/১(৯)- বিচার-৩/১ডি-০৭/২০১৫, তারিখঃ- ১৬/২/১৭ খ্রিঃ

**সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নহে) ঃ**

১। রেজিস্ট্রার জেনারেল, বাংলাদেশ সুপ্রীম কোর্ট, ঢাকা।
২। জেলা ও দায়রা জজ, ঢাকা/সুনামগঞ্জ।
৩। বেগম শেখ রাজিয়া সুলতানা, যুগ্ম-জেলা ও দায়রা জজ, সুনামগঞ্জ।
৪। মাননীয় মন্ত্রীর একান্ত সচিব, আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়, ঢাকা।
৫। সিনিয়র সহকারী সচিব, বিচার শাখা- ১/২/৪/৫/৮, আইন ও বিচার বিভাগ, আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়, ঢাকা।
৬। সচিব মহোদয়ের একান্ত সচিব, আইন ও বিচার বিভাগ, আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়, ঢাকা।
৭। উপ-পরিচালক, বাংলাদেশ ফরমস ও প্রকাশনা অফিস, তেজগাঁও, ঢাকা।
(উপরের আদেশটি গেজেটে প্রকাশ করতে অনুরোধ করা হলো)।
৮। জনসংযোগ কর্মকর্তা, আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়, ঢাকা।
৯। প্রোগ্রামার, আইন ও বিচার বিভাগ, আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয় (ওয়েব সাইটে প্রকাশের অনুরোধসহ)।

১৬/০২/১৭

(মোঃ শাহাবুদ্দিন)
সিনিয়র সহকারী সচিব
ফোন-৯৫৭৬৬৩১